



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৬ আগস্ট ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

কুদুকছড়িতে সেনাবাহিনী কর্তৃক একটি সামাজিক ক্লাবে তালাভেঙে ঢুকে কম্পিউটারসহ জিনিসপত্র লুটের ঘটনায় নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ ২৬ আগস্ট ২০১৬, শুক্রবার সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে সেনাবাহিনী কর্তৃক রাঙামাটি সদর উপজেলার কুদুকছড়ি ইউনিয়নের কুদুকছড়ি উপর পাড়া(আবাসিক) ধারণাপত্তি ক্লাবে তালাভেঙে ঢুকে কম্পিউটারসহ বিভিন্ন জিনিসপত্র লুটের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, আজ দুপুর আনুমানিক দেড়টার দিকে নান্যাচর জোন থেকে জনৈক মেজরের নেতৃত্বে একদল সেনা সদস্য কুদুকছড়ি উপর পাড়ায় (আবাসিক) হানা দিয়ে গ্রামবাসীদের গড়ে তোলা সামাজিক ক্লাব 'ধারণাপত্তি ক্লাবে' তালাভেঙে ঢুকে একটি ডেস্কটপ কম্পিউটার, একটি মনিটর, একটি ইউপিএস, মাল্টিপ্লাগসহ কম্পিউটারে ব্যবহৃত অন্যান্য সরঞ্জাম, কাজী নজরুল ইসলামসহ মনীষীদের ছবি, বাংলাদেশের মানচিত্রসহ বিভিন্ন জিনিসপত্র লুট করে নিয়ে যায়। এ সময় সেনারা ক্লাবে থাকা চেয়ার-টেবিলসহ অন্যান্য জিনিসপত্র ক্লাবের বাইরে ছড়িয়ে-ছিটিয়ে দেয়। সেনারা ক্লাবের পার্শ্ববর্তী জয়দ্বীপ দেওয়ানের বাড়িতে ঢুকে তন্নতন্ন করে তল্লাশি চালিয়ে জিনিসপত্র সম্পূর্ণ তছনছ করে দেয়। দীর্ঘক্ষণ ধরে সেনারা এই তাণ্ডবলীলা চালায়।

বিবৃতিতে সচল চাকমা বলেন, একটি তালাবদ্ধ ঘরে কারোর অনুমতি ব্যতীত তালাভেঙে ঢুকে জিনিসপত্র নিয়ে যাওয়া ডাকাতির ঘটনা ছাড়া আর কিছুই নয়। সেনাবাহিনীর কাছ থেকে জনগণ এ ধরনের ন্যাকারজনক কাজ কিছুতেই আশা করে না।

বিবৃতিতে তিনি অবিলম্বে লুণ্ঠিত মালামাল ফেরতদানসহ উক্ত ঘটনায় জড়িত সেনা সদস্যদের আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

বাবলু চাকমা

প্রচার বিভাগ

ইউপিডিএফ

রাঙামাটি জেলা ইউনিট।